রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সোম ও বৃহস্পতিবারে সিয়াম রাখার জন্য সমধিক সচেষ্ট থাকতেন।

আয়েশা রাদিয়াল্লাহ আনহা হতে বর্ণিত, তিনি বলেন, ‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সোম ও বৃহস্পতিবারে সিয়াম রাখার জন্য সমধিক সচেষ্ট থাকতেন।’
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

উম্মুল মু‘মিন আয়েশা রাদিয়াল্লাহ আনহা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সংবাদ দেন, তিনি সোম ও বৃহস্পতিবারে সিয়াম রাখার জন্য সমধিক সচেষ্ট থাকতেন।’ কারণ, এ দুই দিনে আমলসমূহ আল্লাহর কাছে তুলে ধরা হয়। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পছন্দ করেন যে, তার আমলকে সিয়াম রাখা অবস্থায় তুলে ধরা হোক। এ ছাড়াও আল্লাহ তা‘আলা এ দুনি দিনে পরস্পর বিদ্বেষ পোষণকারী ছাড়া প্রতিটি মুসলিমকে ক্ষমা করে দেন। যেমনটি অন্যান্য হাদীসসমূহে এর বর্ণনা এসেছে।

http://sunnah.global/hadeeth/bn/show/6183